**বরিশাল সিটি কর্পোরেশন**
**নগর ভবন, বরিশাল**
**(প্রশাসনিক শাখা)**
www.barishalcity.gov.bd

স্মারক নং- বিসিসি/প্র:জ:মৃ:নথি:৩৫/২৪- তারিখ : আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা'র ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখ ৪৬.০০.০০০০.০০০.০৭০.১৮.০০০৬.২৪-৯৫৪ নং প্রজ্ঞাপন জারী হয়। জারীকৃত প্রজ্ঞাপনে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সিটি কর্পোরেশনের সার্বিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ (ক)(২) মোতাবেক কর্তৃক কমিটি গঠন করা হয়। বরিশাল সিটি কর্পোরেশনের নাগরিকগণের নিরবচ্ছিন্ন সেবা প্রদানের লক্ষ্যে প্রজ্ঞাপনের ০২ নং অনুচ্ছেদে ১৭ নং ক্রমিকে বিভাগীয় বন কর্মকর্তা, বন অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল -কে কমিটির সদস্য হিসেবে নিযুক্ত করা হয়।

০২। 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ২৫ক এর উপধারা (৩) অনুযায়ী বরিশাল সিটি কর্পোরেশনের ১৮ ও ২৬ নং ওয়ার্ডের নাগরিকদের নিরবচ্ছিন্ন সেবা প্রদানের জন্য প্রতিনিধি, বন অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-কে দায়িত্ব পালনের জন্য অনুরোধ করা হলো।

**কর্মপরিধি (ToR):**
(১) কমিটির সদস্যবৃন্দ 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' অনুযায়ী সিটি কর্পোরেশনের প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান করবেন;
(২) 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪' এর ধারা ২৫ক এর উপধারা (৩) অনুযায়ী নিযুক্ত কমিটির সদস্যবৃন্দ কাউন্সিলরের দায়িত্ব পালন করবেন; এবং
(৩) কমিটির সদস্যবৃন্দ বিধি মোতাবেক সম্মানী ভাতা ৫,০০০ (পাঁচ হাজার) টাকার অধিক হবে না। অন্য কোনো আর্থিক সুবিধা বা অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন না।

সংযুক্তি : স্থানীয় সরকার বিভাগ, সিটি কর্পোরেশন-১ শাখা'র ২৬ সেপ্টেম্বর ২০২৪ তারিখের প্রজ্ঞাপন।

(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোনঃ ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com

বিভাগীয় বন কর্মকর্তা
বন অধিদপ্তর
বরিশাল বিভাগ
বরিশাল

স্মারক নং- বিসিসি/প্র:জ:মৃ:নথি:৩৫/২৪- ৩২৩(১২) তারিখ : ২৩ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**
০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, বরিশাল।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
০৪। বিভাগীয় প্রধান (সকল), বরিশাল সিটি কর্পোরেশন।
০৫। জনাব ডাঃ খন্দকার মনজুরুল ইমাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (চ.দা), বরিশাল সিটি কর্পোরেশন (২৩ অক্টোবর ২০২৫ তারিখের বিসিসি/প্র:জ:মৃ:নথি-৩৫/২৪-৬৯৩(১২)নং স্মারকাদেশ প্রত্যাহার করা হলো।
০৬। বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
০৭। শাখা প্রধান (সকল), বরিশাল সিটি কর্পোরেশন।
০৮। সহকারী একান্ত সচিব, মাননীয় প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। প্রশাসনিক কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন।
১০। জনসংযোগ কর্মকর্তা, বরিশাল সিটি কর্পোরেশন (বিষয়টি বিসিসি'র ওয়েবসাইটে প্রচারের জন্য)।
১১। অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর, সাধারণ ওয়ার্ড নং ১৮ ও ২৬, বরিশাল সিটি কর্পোরেশন।
১২। অফিস কপি।

০৭/৭/২৬
(মোঃ রেজাউল বারী)
প্রধান নির্বাহী কর্মকর্তা
বরিশাল সিটি কর্পোরেশন
ফোনঃ ০২৪৭৮৮৬১০৪৮
ceo.bcc.gov.bd@gmail.com

F-File/Mehedi-Work-26-Office-Order File-26

CamScanner